# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৬৭৫

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৫. তৃতীয় অনুচ্ছেদ - আযানের ফযীলত ও মুয়াযযিনের উত্তর দান

---

### আরবী

وَعَنْ عَلْقَمَةَ بْنِ وَقَّاصٍ قَالَ: (إِنِّي لَعِنْدَ مُعَاوِيَةَ إِذْ أَذَّنَ مُؤَذِّنُهُ فَقَالَ مُعَاوِيَةُ كَمَا قَالَ مُؤَذِّنُهُ حَتَّى إِذَا قَالَ: حَيَّ عَلَى الصَّلَاةِ: قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ فَلَمَّا قَالَ: حَيَّ عَلَى الْفَلَاحِ قَالَ: لَا حَوْلَ وَلَا قُوَّةَ إِلَّا بِاللَّهِ الْعَلِيِّ الْعَظِيمِ وَقَالَ بَعْدَ ذَلِكَ مَا قَالَ الْمُؤَذِّنُ ثُمَّ قَالَ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم قَالَ ذَلِك. رَوَاهُ أَحْمد

### বাংলা

৬৭৫-[২২] ’আলক্বামাহ্ ইবনু আবূ ওয়াক্কাস (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার আমি মু’আবিয়াহ্ (রাঃ)-এর নিকট ছিলাম। তাঁর মুয়াযযিন আযান দিচ্ছিলেন। মুয়াযযিন যেভাবে (আযানের বাক্যগুলো) বলছিলেন, মু’আবিয়াহ্ (রাঃ)-ও ঠিক সেভাবে বাক্যগুলো বলতে থাকেন। মুয়াযযিন ’’হাইয়্যা ’আলাসসলা-হ্’’ বললে মু’আবিয়াহ্ (রাঃ)বললেন, ’’লা- হাওলা ওয়ালা- কু্যওয়াতা ইল্লা- বিল্লা-হ’’। মুয়াযযিন ’’হাইয়্যা ’আলাল ফালা-হ’’ বললে মু’আবিয়াহ্ (রাঃ)বললেন, ’’লা- হাওলা ওয়ালা- কু্যওয়াতা ইল্লা- বিল্লা-হিল ’আলিয়্যিল ’আযীম’’। এরপর আর বাকীগুলো তিনি তা-ই বললেন যা মুয়াযযিন বললেন। এরপর তিনি বললেন, আমি রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে (আযানের উত্তরে) এভাবে বলতে শুনেছি। (আহমাদ)[1]

### ফুটনোট

[1] য‘ঈফুল ইসনাদ : আহমাদ ২৭৫৯৮, নাসায়ী ১/১০৯-১০। কারণ এর সানাদে ‘‘ঈসা (আঃ) ইবনু ‘উমার এবং ‘আবদুল্লাহ ইবনু ‘আলক্বামাহ্’’ নামে দু’জন অপরিচিত রাবী রয়েছে যা ইমাম যাহাবী (রহঃ) স্পষ্টভাবে বর্ণনা করেছেন। হাদীসে لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللهِ ـ এর পর الْعَلِيِّ الْعَظِيْمِ অংশটুকু মুসান্নাফে ‘আবদুর রাযযাক্ব ছাড়া অন্য কোন হাদীসের গ্রন্থে নেই। আর মুসান্নাফে ‘আবদুর রাযযাক্ব-এর সানাদটি দুর্বল, কারণ তাতে ‘আসিম ইবনু ‘আবদুল্লাহ ইবনু ‘আসিম নামে একজন দুর্বল রাবী রয়েছে। অতএব এ অতিরিক্ত অংশটুকু মুনকার। তবে অতিরিক্ত অংশ ব্যতীত হাদীসটি সহীহ যা বুখারী ও মুসলিমে রয়েছে।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: আলোচ্য হাদীসে আযানের জবাব দেয়ার পদ্ধতি সম্পর্কে আলোকপাত করা হয়েছে। আমিরে মু‘আবিয়াহ্ (রাঃ)-এর মসজিদের মুয়াযযিন আযান দিলে তিনিও তার জবাবে তাই বললেন যা মুয়াযযিন বললো। তবে তিনি حَيَّ عَلَى الصَّلَاةِ ও حَيَّ عَلَى الْفَلَاحِ এর সময়ে বললেন, لَا حَوْلَ وَلَا قُوَّةَ اِلَّا بِاللهِ ‘আল্লামা ত্বীবী (রহঃ) বলেন, এখানে الْعَلِيِّ الْعَظِيْمِ অংশটুকু বৃদ্ধি করা হয়েছে যা অত্যন্ত বিরল।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55232

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন